

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সরকারি কলেজ-০৩
www.shed.gov.bd

স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৮.১৩.০০১.২৪.৯৯

তারিখ: ০৩ বৈশাখ ১৪৩৩
১৬ এপ্রিল ২০২৬

প্রাপক: ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস অফিসার
চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

বিষয়: প্রফেসর সুসেন কুমার বড়ুয়া (আইডি নং-০০২৯০১), প্রাক্তন অধ্যক্ষ, অধ্যাপক (হিসাববিজ্ঞান), সরকারি কমার্স কলেজ, চট্টগ্রাম এর পেনশন ও আনুতোষিক মঞ্জুরি প্রদান।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে প্রফেসর সুসেন কুমার বড়ুয়া (আইডি নং-০০২৯০১), প্রাক্তন অধ্যক্ষ, অধ্যাপক (হিসাববিজ্ঞান), সরকারি কমার্স কলেজ, চট্টগ্রাম এর অনুকূলে ১৫/০৬/২০২৫ খ্রি. তারিখ হতে মাসিক ৩২,০৪০/- (বত্রিশ হাজার চল্লিশ টাকা মাত্র) হারে পেনশন ও মোট আনুতোষিক বাবদ ৭৩,৬৯,২০০/- (তিয়ত্তর লক্ষ ঊনসত্তর হাজার দুইশত টাকা মাত্র) মঞ্জুর করা হলো। তিনি উক্ত অর্থ সোনালী ব্যাংক পিএলসি, জামালখান রোড শাখা, চট্টগ্রাম থেকে উত্তোলন করবেন। উল্লেখ্য, সরকারের রাজস্ব খাত হতে এ অর্থ ব্যয় হবে এবং এ বাবদ কোনক্রমে প্রাপ্য পেনশন ভাতা অপেক্ষা বেশি অর্থ দাবি/মঞ্জুর করা হয়ে থাকলে চাহিবামাত্র তিনি তা ফেরৎ দিতে বাধ্য থাকবেন।

০২। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো।

০৩। পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে এতৎসঙ্গে সংশ্লিষ্ট কাগজপত্র প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

স্বাক্ষরিত/-

(মো: আ: কুদ্দুস)

উপসচিব

☎ ০২২২৩৩৫৪২৬৫


ই-মেইল: college.sec3@shed.gov.bd

স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৮.১৩.০০১.২৪.৯৯/১(৬)

তারিখ: ০৩ বৈশাখ ১৪৩৩
১৬ এপ্রিল ২০২৬

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। অধ্যক্ষ, সরকারি কমার্স কলেজ, চট্টগ্রাম।
- ৩। সিস্টেম এনালিস্ট (আইসিটি), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। ম্যানেজার, সোনালী ব্যাংক পিএলসি, জামালখান রোড শাখা, চট্টগ্রাম।
- ৫। প্রফেসর সুসেন কুমার বড়ুয়া (আইডি নং-০০২৯০১), প্রাক্তন অধ্যক্ষ, অধ্যাপক (হিসাববিজ্ঞান), সরকারি কমার্স কলেজ, চট্টগ্রাম।
- ৬। অফিস কপি।


(মো: আ: কুদ্দুস)
উপসচিব